

## 21787 - যার উপর রমজানের কায়া রোজা আছে তার আশুরার রোজা পালন

### প্রশ্ন

প্রশ্ন: আমার উপরে রমজানের কায়া রোজা আছে। আমি আশুরার রোজা রাখতে চাই। এখন রমজানের রোজা কায়া পালন করার আগে আশুরার রোজা রাখা কি জায়ে হবে? মুহররম মাসের ১০ তারিখ ও ১১ তারিখে রমজানের কায়া রোজা পালন করা কি জায়ে হবে? যার মাধ্যমে আমি আশুরার রোজা রাখার সওয়াবও পেতে পারি।

### প্রিয় উত্তর

#### এক:

যার উপর একদিন বা একাধিক দিনের ফরজ রোজা কায়া আছে তিনি নফল রোজা রাখবেন না। বরং আগে ফরজ রোজার কায়া আদায় করবেন; তারপর নফল রোজা রাখবেন।

দুই: যদি কেউ মুহররম মাসের ১০ তারিখ ও ১১ তারিখ রমজান মাসের কায়া রোজা পালনের নিয়ত করে সেটা জায়ে হবে এবং দুইদিনের কায়া রোজা আদায় হয়ে যাবে। দলিল হচ্ছে- “প্রত্যেক আমল নিয়ত অনুযায়ী পালিত হয়; প্রত্যেক ব্যক্তি যা নিয়ত করে সে তা-ই পায়”[ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি (১১/৮০১)]

আশা করি আপনি কায়া রোজার সওয়াব ও সেই দিন রোজা রাখার সওয়াব উভয় সওয়াব পাবেন।[দেখুন: শাহী উচ্চাইমীনের ‘মানারঙ্গ ইসলাম ফতোয়াসমগ্র (২/৩৫৮)’]